

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-২/০৫- ১২৭৬

তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ  
২০ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের সম্মতি প্রদান।

সূত্রঃ রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- রমেকহা/রং/প্রশা/১৯/২৩৮৯, তারিখঃ ২১/০৮/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১০ সালে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের শয্যা সংখ্যা ৬০০ থেকে ১০০০ শয্যায় উন্নীত করা হয়। বর্তমানে ১০০০ শয্যার প্রশাসনিক অনুমোদন থাকলেও এখন পর্যন্ত প্রয়োজনীয় পদ সৃষ্টি না হওয়ায় ৬০০ শয্যার জনবল দ্বারা হাসপাতালটি পরিচালিত হচ্ছে। ১০০০ শয্যা বিশিষ্ট রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগ, অন্তর্বিভাগে প্রতিদিন গড়ে ২১০০ থেকে ২৬০০ জন রোগী ভর্তি থাকে এবং বহির্বিভাগে ১২০০ থেকে ১৮০০ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। এই স্বল্প সংখ্যক জনবল দ্বারা রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা কষ্টসাধ্য ব্যাপার। এছাড়াও হাসপাতালে ডেন্টাল ইউনিট, আইসিইউ, সিসিইউসহ নতুন নতুন ভবন নির্মাণসহ ইন্টার্ন ডক্টরস হোস্টেল, নার্সিং হোস্টেল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সার্বক্ষণিক নিরাপত্তার জন্য প্রয়োজনীয় জনবলের সংখ্যা খুবই অপ্রতুল। হাসপাতালের চিকিৎসা সেবার মান অক্ষুণ্ণ রাখতে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল বৃদ্ধি অন্ত্যন্ত জরুরি মর্মে উক্ত হাসপাতাল হতে জানানো হয়েছে। উল্লেখ্য, প্রস্তাবটি নতুন। আউটসোর্সিং এর মাধ্যমে প্রস্তাবিত পদের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	পদের নাম/ সেবার ধরন	মঞ্জুরিকৃত পদ	শূন্য পদ	সেবা ক্রয়ের জন্য প্রস্তাবিত পদের সংখ্যা	মন্তব্য	চাহিদার যৌক্তিকতা
১	পরিচ্ছন্নতা কর্মী	১৩৪টি	৫৩টি	১৭০টি	১১৭টি পদ সৃজন করা নাই।	প্রস্তাবিত ১৭০টি পদের মধ্যে ৫৩টি স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ। উক্ত পদসমূহ পিআরএল ও মৃত্যুজনিত কারণে শূন্য হয়েছে। বর্তমানে হাসপাতালে ৪২টি ওয়ার্ড, ১২টি ওটি, জরুরি বিভাগ, ৫তলা ভবনসহ ৫৮৪৫০ স্কয়ার ফিট এলাকা সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সহ বহির্বিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবার মান বৃদ্ধির জন্য আউট সোর্সিং এর মাধ্যমে আরো ১৭০ জন পরিচ্ছন্নতা কর্মী প্রয়োজন।
২	সর্দার	১১টি	৭টি	০৭টি		স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ এবং কর্মরত ০৪ জনর মধ্যে ০৩ জন সাময়িকভাবে বরখাস্ত আছেন বিধায় কর্মরত অফিস সহায়ক সহ পরিচ্ছন্নতা কর্মী ও জমাদারদের বাক্য তদারকির জন্য প্রস্তাবিত ০৭জন সর্দার নিয়োগ করা প্রয়োজন।
৩	লিফটম্যান	০৪টি	০৪টি	২১টি	১৭টি পদ সৃজন করা নাই।	প্রস্তাবিত ২১টি পদের মধ্যে ০৪টি স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ। পিআরএল জনিত কারণে কর্মরত জনবল না থাকায় হাসপাতালে স্থাপিত ১৩টি লিফটে ০৩ শিফটে রোগীদের সেবা প্রদানের জন্য প্রস্তাবিত ২১ জন লিফটম্যান প্রয়োজন।
৪	নিরাপত্তা প্রহরী	১৭টি	০৩টি	২২টি	১৯টি পদ সৃজন করা নাই।	প্রস্তাবিত ২২টি পদের মধ্যে ০৩টি স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ। উক্ত পদসমূহ পিআরএল ও মৃত্যু জনিত কারণে শূন্য হয়েছে। বর্তমানে হাসপাতালে ৪২টি ওয়ার্ড, ১২টি ওটি, জরুরি বিভাগ, স্টোর, বহির্বিভাগ, ডেন্টাল ভবন ও ইন্টার্ন ডক্টরস হোস্টেলসহ নার্সিং হোস্টেলে নিরাপত্তা প্রদানের জন্য আরো ২২ জন নিরাপত্তা প্রহরী প্রয়োজন।
৫	কুক-মশালচী	২৭টি	০৬টি	০৬টি		স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ এবং পরবর্তীতে পদ সৃষ্টি না হওয়ায় পথ্য বিভাগে খাদ্য তৈরি ও প্রতিটি ওয়ার্ডেও খাদ্য সরবারহের জন্য প্রস্তাবিত ৬জন জনবলের প্রয়োজন।
৬	ড্রাইভার	০৮টি	০৪টি	০৪টি		স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ। বর্তমানে ০৫টি এ্যাম্বুলেন্স, ১টি মাইক্রোবাসসহ পরিচালক, উপ-পরিচালক ও দুই জন সহকারী পরিচালকের গাড়ী সহ অফিসের কাজ চিকিৎসকদের যাতায়াতের জন্য আরো ০৪জন ড্রাইভার প্রয়োজন।

*(Signature)*

৭	জমাদার	০৮টি	০৫টি	১৫টি	১০টি পদ সৃজন করা নাই।	প্রস্তাবিত ১৫টি পদের মধ্যে ০৫টি স্থায়ী রাজস্ব খাতভুক্ত পদ। হাসপাতালের সয্যা সংখ্যা বৃদ্ধি পাওয়ার পর পদ সৃষ্টি না হওয়ায় পরিচ্ছন্নতা কর্মীদের কাজ উদারকির জন্য আরো ১৫জন জমাদার নিয়োগ করা প্রয়োজন।
৮	ইলেকট্রিশিয়ান	০২টি	০০টি	০২টি	০২টি পদ সৃজন করা নাই।	হাসপাতালের সয্যা সংখ্যা বৃদ্ধি পাওয়ার পর নতুন পদ সৃজন করা হয়নি। হাসপাতালে নতুন নতুন ভবন নির্মাণ হওয়ায় ইলেকট্রিক কাজের জন্য আরো ০২জন ইলেকট্রিশিয়ান প্রয়োজন।
৯	ল্যাব এসিস্টেন্ট	০০টি	০০টি	১৬টি	১৬টি পদ সৃজন করা নাই।	ইতঃপূর্বে পদ সৃষ্টি না হওয়ার কারণে এবং বর্তমানে হাসপাতালে ৪২টি ওয়ার্ড, ১২টি ওটি, জরুরি বিভাগ, বহির্বিভাগে আগত রোগীদের প্যাথলোজিক্যাল পরীক্ষা ও চিকিৎসা সেবার মান বৃদ্ধির জন্য ল্যাব এসিস্টেন্ট পদে জনবল প্রয়োজন।
১০	মালী	০০টি	০০টি	০৪টি	০৪টি পদ সৃজন করা নাই।	ইতঃপূর্বে পদ সৃষ্টি না হওয়ার কারণে এবং ২৪ শতাংশ জায়গার উপর ৩টি বড় বাগান আছে উক্ত বাগানগুলো পরিচর্যার জন্য মালী পদে জনবল প্রয়োজন।
মোট- ২৬৭টি						

২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর কার্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং সার্বক্ষণিক সেবা নিশ্চিত করণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ অনুযায়ী উল্লিখিত ২৬৭ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের লক্ষ্যে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

*Signature*  
০৪/০৭/২০১৭

(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।